দৈনিক বাংলা

তারিখ ... 16 JAN 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৮ ...

17

# বইমেলা সমাপ্ত

স্টাফ রিপোর্টার ঃ বিজয় সরণী সংলগ্ন মাঠে ১৫ দিনের ঢাকা বইমেলা '৯৫ গতকাল শেষ হয়ে গেছে। ইংরেজী নববর্ষের সূচনা দিনটি থেকে ১৫ জানুয়ারী পর্যন্ত বইমেলা মুখর ছিল হাজার প্রাণের স্পন্দনে।

বইমেলায় প্রচুর পরিমাণ বই বিক্রি হয়েছে। সর্বমোট কত টাকার বই বিক্রি হল এ তথ্য কোন সূত্র থেকেই পাওয়া যায়নি।

ঢাকা বইমেলা '৯৫-এর উদ্যোক্তা ছিল জাতীয় গ্রন্থ কেন্দ্র। পয়লা জানুয়ারী জাতীয় গ্রন্থদিবসে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা বইমেলা উদ্বোধন করেন। দেশের ৬৪টি জেলায় একযোগে প্রথমবারের মতো পয়লা থেকে সাত জানুয়ারী বইমেলা অনুষ্ঠিত হয়।

ঢাকা বইমেলার শেষ দিনে ১৮ হাজার দর্শক টিকিট কিনে মেলায় যান। প্রকাশক, পাঠক, লেখক, মেলার উদ্যোক্তা সবার মধ্যেই ছিল সমাপনীর বিষণ্ণতা।

জাতীয় গ্রন্থ কেন্দ্র আয়োজিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম। সভাপতিত্ব করেন সংস্কৃতি সচিব মোহাম্মদ মোখলেসুর রহমান।